সংবাদ

তারিখ 17 JAN 2014
পৃঃ ৫ কলাম ৩

সরকারিকরণের পর

# মাদারীপুরে স্কুল শিক্ষকরা বেতনভাতা পাচ্ছেন না

প্রতিনিধি, মাদারীপুর

মাদারীপুরে দুই শতাধিক রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সরকারিকরণের পর থেকে গত এক বছর ধরে ১ হাজার ২০০ শিক্ষক বেতন-ভাতা পাচ্ছেন না। বেতন-ভাতা না পেয়ে শিক্ষক পরিবারগুলো চরম অভাব অনটনের মধ্যে দিয়ে মানবেতর জীবনযাপন করছেন।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, ২০১৩ সালের ১ জানুয়ারি মহাজোট সরকার মাদারীপুরের ২৩৫টি বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়কে সরকারিকরণ করে। কিন্তু এরপর থেকে এক বছর কেটে গেলেও এখন পর্যন্তও সরকারি বেতন-ভাতা পাননি মাদারীপুরের সরকারিকরণকৃত রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের ১২০০ শিক্ষক। অথচ এরপরেও তারা নিয়মিতভাবে পাঠদান করে যাচ্ছেন। ফলে শিক্ষক পরিবারগুলো চরম অভাব অনটনের মধ্যে মানবেতর জীবনযাপন করছে।

মাদারীপুর জেলা প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম বলেন, তারা দীর্ঘদিন ধরে তাদের বেতন-ভাতা প্রদানের জন্য সরকারের বিভিন্ন পর্যায়ের নেতাদের সঙ্গে আলোচনা করছেন, তবে এখনও বেতন ভাতা দেয়ার কোন অগ্রগতি দেখছেন না।

এ ব্যাপারে মাদারীপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার শহিদুল ইসলাম জানান, 'সরকারিকরণকৃত রেজিস্টার্ড স্কুলগুলোর সরকারি বেতন-ভাতা প্রক্রিয়াধীন আছে। আমরা মন্ত্রণালয়ের নির্দেশনা পেলেই বলতে পারব কবে তারা বেতন-ভাতা পাবে।'